# পোষাক শিল্পের বন্ডেড ওয়্যার হাউস ব্যবস্থাপনা

**ভুমিকা ঃ**

দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে প্রত্যেক দপ্তরেই প্রচলিত আইন ও আদেশ - নির্দেশ অনুযায়ী দাখিল করতে হয় প্রয়োজনীয় কাগজপত্র। সম্পন্ন করতে হয় প্রাসংগিক আনুষ্ঠানিকতা। বিভিন্ন প্রকৃতির কাজের জন্য অধিকাংশ ক্ষেত্রে প্রয়োজন হয় ভিন্ন ভিন্ন আনুষ্ঠানিকতা প্রতিপালন ও দাখিল করতে হয় সংশ্লিষ্ট বিভিন্ন কাগজপত্র। কিন্তু একটি নির্দিষ্ট কাজের জন্য কি কি কাগজপত্র বা দলিলাদি দাখিল করতে হবে এবং কোন কোন আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে সে সম্পর্কে সেবা প্রদানকারী কর্মকর্তা ও কর্মচারীদের (বন্ড কর্মকর্তা ও কর্মচারী) অনেক ক্ষেত্রেই সুস্পষ্ট ধারণা থাকে না। ফলে সৃষ্টি হয় বিড়ম্বনা। যেমন ঃ

ক) কার্যক্রম সম্পাদনে বিলম্ব

খ) সেবা গ্রহণকারী ও সেবা প্রদানকারীর মধ্যে ভুল বোঝাবুঝি এবং

গ) একই বিষয়ে বিভিন্ন ধরণের সিদ্ধান্ত, ইত্যাদি।

কোন কাজের জন্য যে সকল কাগজপত্রের/দলিলাদির প্রয়োজন এবং প্রসংগিক আনুষ্ঠানিকতা প্রতিপালন আবশ্যক সে সম্পর্কে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্মকর্তা-কর্মচারী নির্বিশেষে সকলের সুস্পষ্ট ধারণা থাকা দরকার। কাজটি দক্ষতার সাথে যুক্তিসংগত বা প্রত্যাশিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের পর্যাপ্ত পেশাভিত্তিক জ্ঞানের বিকল্প নেই।

বলার অপেক্ষা রাখে না, কোন কাজ স্বল্প সময়ের মধ্যে করিয়ে নেয়ার ক্ষেত্রে সেবা গ্রহণকারী ব্যক্তির ভূমিকাও কম নয়। কারন, তিনি যদি প্রাসংগিক আনুষ্ঠানিকতা ও দলিলাদি সম্পর্কে জানেন, তবে তিনি প্রয়োজনে কর্মকর্তা ও কর্মচারীকে সহযোগিতা প্রদানের মাধ্যমে কাজটি সম্ভাব্য স্বল্প সময়ের মধ্যে করিয়ে নিতে পারেন।

প্রশাসনিক স্বচ্চতা বা ট্রান্সপারেন্সি অর্থাৎ জবাবদিহিতামূলক প্রশাসন এখন বহু আলোচিত একটি স্লোগান। এ ধরণের প্রশাসন হবে দক্ষ, নিরপেক্ষ, উদার এবং অবশ্যই আইনানুগ ও বিধিসম্মত। এ প্রশাসনের জন্য প্রাসঙ্গিক নিয়ম কানুন, আদেশ বা নির্দেশাবলী লিখিতভাবে হাতের কাছে থাকা আবশ্যক। এ উদ্দেশ্যে এ লেখাটিতে কতিপয় অতিপ্রয়োজনীয় বিষয় যতটুকু সম্ভব বিস্তারিত তুলে ধরা হয়েছে। তৎফলে বিজিএমইএ এর সম্মানিত সদস্যগণ সংশ্লিষ্ট কার্যটি সম্পাদন বা সেবা গ্রহণের ক্ষেত্রে কি করতে হবে তা পরিষ্কার হবেন মর্মে আশাকরি।

(I) **মেয়াদ উত্তীর্ণ পণ্যের রপ্তানি সমন্বয়করণ ঃ**

একটি শিল্প প্রতিষ্ঠান আমদানি রপ্তানি কার্যক্রম চলাকালীন যে কোন সময়ে রপ্তানি আদেশ বাতিল হওয়ার কারণে বা সময়মত কাঁচামাল না পাওয়ার কারণে বা শ্রমিক অসন্তোষ বা বিবিধ কারণে সঠিক সময়ে রপ্তানি না হওয়ায় কাঁচামাল মেয়াদ উত্তীর্ণ হতে পারে বা ষ্টক লট হতে পারে। এ ক্ষেত্রে পরবর্তী কোন সময়ে পণ্য চালানটি রপ্তানি হলে রপ্তানি সমন্বয়ের মাধ্যমে বন্ড সংক্রান্ত দাবীনামা সমন্বয় করতে হয়। এ ধরণের সমন্বয় করতে হলে কি কি তথ্যাদি দিতে হবে এবং কিভাবে বন্ড কমিশনারেটকে সহায়তা করতে হবে তার একটি "ছক" প্রণয়ন করা হয়েছে। ছকে উল্লেখিত তথ্যাদি সঠিকভাবে উপস্থাপন করা হলে বিষয়টি বিচারাদেশের মাধ্যমে নিস্পত্তি হবে। নিম্নে ছকটি উল্লেখ করা হলো। ছকটির "গ", "ঘ" ও "জ" তে উল্লেখিত তথ্যাদি বন্ডার কর্তৃক তার আবেদনের সাথে সরবরাহ করতে হবে।

ক) **বিষয়** ঃ **মেয়াদোত্তীর্ণ পণ্যের রপ্তানি সমন্বয়করণ।**

খ) **আবেদন** ঃ প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এ সংক্রান্ত আবেদন পাতা ........................... তে রক্ষিত আছে।

গ) দাখিলকৃত দলিলাদি ঃ

সংশ্লিষ্ট কাঁচামালের দাখিলকৃত আমদানি সংক্রান্ত দলিলাদি-

(১) বি/ই (পাতা ঃ ............................) ;
(২) ইনভয়েস (পাতা ঃ ............................) ;
(৩) প্যাকিং লিষ্ট (পাতা ঃ ............................) ;
(৪) বি/এল (পাতা ঃ ............................) ;
(৫) ইউডি (আমদানিকালীন)/আইপি (ইপিজেড এর ক্ষেত্রে) (পাতা ঃ ............................) ;
(৬) পাসবই (আমদানি অংশের) এর কপি (পাতা ঃ ............................) ;

ঘ) সংশ্লিষ্ট কাঁচামালের রপ্তানি সংক্রান্ত দলিলাদি ঃ

(১) বিল অব এক্সপোর্ট (পাতা ঃ ............................) ;
(২) ইনভয়েজ (পাতা ঃ ............................) ;
(৩) প্যাকিং লিষ্ট (পাতা ঃ ............................) ;

(৪) বিএল/এয়ারওয়ে বিল (পাতা ঃ ............................) ;
(৫) রপ্তানি এলসি (পাতা ঃ ............................) ;
(৬) ইউডি (যে ইউডিতে কাঁচামাল সমন্বয় করা হয়েছে)/
ইপি (ইপিজেড এর ক্ষেত্রে) (পাতা ঃ ............................) ;
(৭) পাসবই (রপ্তানি অংশের) এর কপি (পাতা ঃ ............................) ;
(৮) ই, জি, এম এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
(প্রয়োজনে শুল্ক কর্মকর্তা সংগ্রহ করবেন) (পাতা ঃ ........................) ;
(৯) ইএক্সপি (পাতা ............)।

ঙ) প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্যাদি ঃ
(১) প্রতিষ্ঠানের নাম ঃ
(২) প্রতিষ্ঠানের প্রকৃত (ওভেন/নীট/সুয়েটার/কম্পোজিট/অন্যান্য) ঃ
(৩) বন্ড লাইসেন্স নম্বর ও তারিখ ঃ
(৪) বন্ড লাইসেন্স নবায়নের মেয়াদ ঃ
(৫) মূসক নিবন্ধন নম্বর ও তারিখ ঃ
(৬) জেনারেল বন্ডের মেয়াদ ঃ
(৭) নিরীক্ষা সম্পাদনের মেয়াদ (অডিট শাখার মতামতসহ) ঃ
(৮) দাবীনামা/সরকারী পাওনার পরিমাণ ঃ
(৯) অনিয়ম মামলা/রীট মামলা/মাননীয় আপিলাত ট্রাইবুনালে/বা অন্য কোথাও মামলা আছে কি-না বা কোন কারণ দর্শাও নোটিশ আছে কি-না, থাকলে তার বিবরণ (আইন শাখার মতামতসহ) ঃ
(১০) প্রতিষ্ঠানের বর্তমান কার্যক্রম (চালু/বন্ধ/স্থগিত/অস্থিত্বহীন/২০২ ধারা জারী) ঃ
(১১) লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

চ) সমন্বয়যোগ্য কাঁচামালের বিপরীতে দাবীনামা জারী করা হয়েছে কিনা, হলে তার সংক্ষিপ্ত বর্ণনা ও পরিমাণ ঃ
ছ) মেয়াদত্তীর্ণ পণ্যের আমদানি রপ্তানি সংক্রান্ত তথ্যাবলী ঃ

| ক্রঃ নং | অরপ্তানিকৃত কাঁচামালের আমদানির তথ্য | | | | | রপ্তানির তথ্য | | | | | | | | | | অবশিষ্ট কাঁচামালের পরিমাণ (গজ/মিটার/কেজি) | মন্তব্য (রপ্তানি হয়েছে কিনা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | আমদানি ইউডি/আইপি নম্বর ও তারিখ | আমদানি বি/ই নম্বর ও তারিখ | অরপ্তানিকৃত কাঁচামালের বর্ণনা ও পরিমাণ (গজ/মিটার/কেজি) | পাস বই য়ের পৃষ্ঠা নম্বর | আমদানি মূল্য (মাঃ ডঃ) | সমন্বয়কৃত ইউডি/আইপি নম্বর ও তারিখ | রপ্তানি এলসি নম্বর ও তারিখ | শিপিং বিল নং ও তারিখ | ইনভয়েজ নম্বর ও তারিখ | রপ্তানিকৃত পোশাকের পরিমাণ (ডজন) | রপ্তানিকৃত কাঁচামালের পরিমাণ (গজ/মিটার/কেজি) | পাস বই নং পৃষ্ঠা নম্বর | ইনভয়েজ মূল্য (মাঃ ডঃ) | ব্যাংক রেফারেন্স নম্বর ও তারিখ | প্রত্যাবাসিত মূল্য (মাঃ ডঃ) (পিআরসি সংযুক্ত) | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| | | | | | | | | | | | | | | | | | |

জ) রপ্তানির তথ্যাবলী পাসবই এ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক এন্ট্রি হয়েছে কি-না ঃ
ঝ) রপ্তানি সংশ্লিষ্ট সমূদয় বৈদেশিক মুদ্রা প্রত্যাবাশিত হয়েছে কি-না (বাংলাদেশ ব্যাংক কর্তৃক পিআরসি'র আলোকে) ঃ
ঞ) পি, আর, সি, ব্যাংক হতে যাচাই করা হয়েছে কি-না ঃ
ট) ই, জি, এম, যাচাই করা হয়েছে কি- না (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

ঠ) মন্তব্য ঃ

উপরে উল্লেখিত তথ্যাদির আলোকে মেয়াদ উত্তীর্ণ ---------- গজ/মিটার/কেজি কাঁচামালের (কাপড়ের) রপ্তানি নিশ্চিত হওয়ায় জারীকৃত --------- টাকায় দাবীনামা হতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অব্যহতি দেয়া যায় অথবা উপরে উল্লেখিত তথ্যাদির আলোকে মেয়াদ উত্তীর্ণ ---------- গজ/মিটার/কেজি কাঁচামালের (কাপড়ের) রপ্তানি নিশ্চিত হওয়ায়.......................... টাকা সমন্বয়পূর্বক অবশিষ্ট অরপ্তানিকৃত পণ্যের বিপরীতে .......................... টাকার সংশোধিত আকারে দাবীনামা জারী করা যায়।

(II) **গুদামজাতকৃত পণ্যের বন্ডিং মেয়াদ বৃদ্ধি ঃ**

দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৮(১) এর বিধিমতে শতভাগ রপ্তানিমুখী পোষাক শিল্প প্রতিষ্ঠানসমূহ রপ্তানির জন্য কাঁচামাল আমদানি পরবর্তী গুদামজাতকরণের তারিখ থেকে পরবর্তী ২৪ (চব্বিশ) মাস ঐরূপ পণ্যের ওয়্যারহাউসিং মেয়াদ পাবেন। অর্থাৎ গুদামজাতকরণের ২৪ মাস অতিক্রান্ত হলে বন্ডিং মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে। একই আইনের ধারা ৯৮(২) এর বিধানমতে এক্ষেত্রে বন্ডার কর্তৃক যথাযথভাবে আবেদন করা হলে কমিশনার কর্তৃক বন্ডিং মেয়াদ ছয় মাস বৃদ্ধি করার সুযোগ পেতে পারেন।

কোন শিল্প প্রতিষ্ঠান বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হতে পারে এমন কাঁচামালের জন্য মেয়াদ উত্তীর্ণের পূর্বেই বিজিএমইএ এর সুপারিশসহ কাস্টমস বন্ড কমিশনারেটে আবেদন করবেন। কাস্টমস বন্ড কমিশনারেট এক্ষেত্রে দ্রুত সেবা দেওয়ার জন্য তথ্যাদি যাচাই ও উপস্থাপনের নিমিত্তে একটি ফরম প্রণয়ন করেছে। যা নিম্নে উল্লেখ করা হলো। উক্ত ফরমটির 'গ' তে উল্লেখিত তথ্যাদি বন্ডার কর্তৃক দাখিল করতে হবে।

ক) **বিষয় ঃ গুদামজাত পণ্যের মেয়াদ বৃদ্ধি করণ।**

খ) আবেদন ঃ প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এ সংক্রান্ত আবেদন পাতা .......................... তে রক্ষিত আছে।

গ) দাখিলকৃত দলিলাদি ঃ

সংশ্লিষ্ট কাঁচামালের আমদানি সংক্রান্ত দলিলাদি -

(১) বি/ই (পাতা ঃ ..........................) ;
(২) এলসি (পাতা ঃ ..........................) ;
(৩) ইনভয়েস (পাতা ঃ ..........................) ;
(৪) প্যাকিং লিষ্ট (পাতা ঃ ..........................) ;
(৫) বিএল/এয়ারওয়ে বিল (পাতা ঃ ..........................) ;
(৬) ইউডি/আইপি (প্রযোজ্য ক্ষেত্রে) (পাতা ঃ ..........................) ;
(৭) সংশ্লিষ্ট এ্যাসোসিয়েশনের মেয়াদ উত্তীর্ণ/উত্তীর্ণতব্য পণ্যের গুনগত মান সম্পর্কে সুপারিশ (বিজিএমইএ/বিকেএমইএ/বেপজা/বিসিসিএএমইএ ইত্যাদি) (পাতা ঃ ..........................)।

ঘ) **প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্যাদি ঃ**

(১) প্রতিষ্ঠানের নাম ঃ
(২) প্রতিষ্ঠানের প্রকৃতি (ওভেন/নীট/সুয়েটার/কম্পোজিট/প্রচ্ছন্ন রপ্তানিকারক/অন্যান্য) ঃ
(৩) বন্ড লাইসেন্স নম্বর ও তারিখ ঃ
(৪) বন্ড লাইসেন্স নবায়নের মেয়াদ ঃ
(৫) মূসক নিবন্ধন নম্বর ও তারিখ ঃ
(৬) জেনারেল বন্ডের মেয়াদ ঃ
(৭) নিরীক্ষা সম্পাদনের মেয়াদ (অডিট শাখার মতামতসহ) ঃ
(৮) দাবীনামা/সরকারী পাওনার পরিমাণ ঃ
(৯) অনিয়ম মামলা/রীট মামলা/মাননীয় আপিলাত ট্রাইবুনালে/বা অন্য কোথাও মামলা আছে কি-না বা কারণ দর্শাও নোটিশ আছে কি-না, থাকলে তার বিবরণ (আইন শাখার মতামত) ঃ
(১০) প্রতিষ্ঠানের বর্তমান কার্যক্রম (চালু/বন্ধ/স্থগিত/অস্থিত্বহীন/২০২ ধারা জারী) ঃ
(১১) লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

ঙ) মেয়াদ উত্তীর্ণ পণ্যের বিবরণ ঃ

| ক্রঃ নং | বন্ড নং ও তাং | বি/ই নং ও তাং | পণ্যের বর্ণনা ও এইচএসকোড নং | আমদানিকৃত পণ্যের পরিমাণ (মেঃ টন) | অবশিষ্ট পণ্যের পরিমাণ (মেঃ টন) | মেয়াদ উত্তীর্ণের তারিখ | প্রস্তাবিত মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

চ) মেয়াদ উত্তীর্ণের কারণ ঃ

ছ) সরেজমিনে পরিদর্শনের তারিখ ঃ

জ) সরেজমিনে পরিদর্শনকালে কাঁচামাল/কাঁচামাল সমূহ বন্ডেড গুদামে মজুদ পাওয়া গেছে কি-না ঃ

ঝ) কাঁচামালসমূহ আমদানি দলিলাদিতে উল্লিখিত বর্ণনার সাথে সামঞ্জস্যপুর্ণ কি-না (মার্কস এন্ড নম্বর, জিএসএম, মাইক্রোন, কালার, ইত্যাদি) ঃ

ঞ) কাঁচামালের গুনগতমান ব্যবহারের উপযোগী কিনা ঃ

ট) মতামত/প্রস্তাব ঃ

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে উপর্যুক্ত তথ্যাবলীর আলোকে দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ৯৮(৫) ধারায় অর্পিত ক্ষমতাবলে কাঁচামাল/কাঁচামালসমূহের উপরোক্ত প্রস্তাবিত মেয়াদ বৃদ্ধির বিষয়টি সদয় বিবেচনা করা যেতে পারে।

(III) **কাঁচামালের স্থায়ী আন্তঃ বন্ড স্থানান্তর ঃ**

দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৯ ও ১০০ এর বিধানমতে বন্ডিং মেয়াদের মধ্যে থাকলে যথাযথ দলিলাদিসহ আবেদন করা হলে অতিরিক্ত কমিশনার পর্যায়ে শতভাগ রপ্তানিমুখী পোষাক শিল্প প্রতিষ্ঠান সমূহের কাঁচামালের স্থায়ী আন্তঃ বন্ড স্থানান্তরের অনুমতি দেওয়া হয়। এ কাজটি সহজতর করার জন্য কাস্টমস বন্ড কমিশনারেট থেকে একটি ফরম প্রণয়ন করা হয়েছে। ফরমের গ, ঘ ও ঙ তে বর্ণি তথ্যাদি আবেদনকারী যথাযথভাবে সরবরাহ করলে দ্রুততার সাথে এ সেবা প্রদান করা হচ্ছে।

ক) বিষয় ঃ কাঁচামালের স্থায়ী স্থানান্তরের অনুমোদন।

খ) আবেদন ঃ প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এ সংক্রান্ত আবেদন পাতা - ………………… তে রক্ষিত।

গ) দাখিলকৃত দলিলাদি ঃ

**সংশ্লিষ্ট কাঁচামালের আমদানি সংক্রান্ত দলিলাদি ঃ**

(১) বি/ই (পাতা- ………………………..) ;
(২) ইনভয়েস (পাতা- ………………………..) ;
(৩) প্যাকিং লিষ্ট (পাতা- ………………………..) ;
(৪) বিএল/এয়ারওয়ে বিল (পাতা- ………………………..) ;
(৫) আমদানি এলসি (পাতা- ………………………..) ;
(৬) ইউডি'র/আইপি'র কপি (পাতা- ………………………..) ;
(৭) পাস বই এর কপি (আমদানি অংশ) (পাতা- ………………………..) ;

ঘ) **স্থানান্তর সংক্রান্ত দলিলাদি ঃ**

(১) স্থানান্তরের জন্য আবেদনকৃত কাঁচামালের তালিকা ঃ (পাতা- ………………………..) ;
(২) স্থানান্তর সংক্রান্ত যৌথ চুক্তি নামা (পাতা- ………………………..) ;
(৩) স্থানান্তর সংক্রান্ত প্রোফরমা ইনভয়েজের কপি (পাতা- ………………………..) ;
(৪) স্থানান্তর সংক্রান্ত এলসির কপি (পাতা- ………………………..) ;
(৫) স্থানান্তর সংক্রান্ত ইউডি/আইপি'র কপি (পাতা- ………………………..) ;
(৬) সমিতির সুপারিশপত্র (পাতা- ………………………..) ;
(৭) বিক্রেতার লিয়েন ব্যাংকের অনাপত্তি পত্র (পাতা- ………………………..) ;
(৮) স্থানান্তরকালে পণ্যের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তার দায় দায়িত্ব বহনের জন্য নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকার নামা (পাতা- ………………………..) ;

ঙ) **স্থানান্তরের জন্য আবেদিত কাঁচামালের তথ্যাদি ঃ**

| ক্রঃ নং | বিষয় | আমদানি সংক্রান্ত তথ্য | স্থানান্তর সংক্রান্ত তথ্য |
|---|---|---|---|
| ০১ | ইউডি/আইপি নং ও তারিখ | | |
| ০২ | এলসি নং ও তারিখ | | |
| ০৩ | বি/ই নং ও তাং | | |
| ০৪ | বন্ড নং ও তাং | | |
| ০৫ | ইনভয়েস নং ও তারিখ | | |
| ০৬ | কাঁচামালের নাম, এইচএস কোড ও পরিমাণ | | |
| ০৭ | কাঁচামালের মূল্য | | |
| ০৮ | উৎপাদিত পণ্যের নাম ও পরিমাণ | | |

চ) **বিক্রেতা ও ক্রেতা প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্যাদি ঃ**

| ক্রঃ নং | বিষয় | বিক্রেতা | ক্রেতা |
|---|---|---|---|
| ০১ | প্রতিষ্ঠানের নাম | | |
| ০২ | প্রতিষ্ঠানের প্রকৃতি | | |
| ০৩ | বন্ড লাইসেন্স নম্বর ও তারিখ | | |
| ০৪ | মূসক নিবন্ধন নম্বর ও তারিখ | | |
| ০৫ | বন্ড লাইসেন্স নবায়নের মেয়াদ | | |
| ০৬ | জেনারেল বন্ডের মেয়াদ | | |
| ০৭ | নিরীক্ষা সম্পাদনের মেয়াদ | | |
| ০৮ | দাবীনামা/সরকারী পাওনার পরিমাণ | | |
| ০৯ | অনিয়ম মামলা/রীট মামলা/মাননীয় আপিলাত ট্রাইবুনালে/বা অন্য কোথাও মামলা আছে কি-না বা কোন কারণ দর্শাও নোটিশ আছে কি-না, থাকলে তার বিবরণ ঃ | | |
| ১০ | প্রতিষ্ঠানের বর্তমান কার্যক্রম (চালু/ বন্ধ/স্থগিত/অস্থিত্বহীন/২০২ধারা জারী) | | |
| ১১ | মালিকানা অননুমোদিত পরিবর্তন আছে কি-না | | |

ছ) স্থায়ী স্থানান্তরের কারণ ঃ

জ) সংশ্লিষ্ট কাঁচামালের বন্ডিং মেয়াদ রয়েছে কি-না ঃ

ঝ) সংশ্লিষ্ট কাঁচামালের স্থানান্তর কালীন মূল্য আমদানির মূল্যের চেয়ে কম/সমান/না বেশী ঃ

ঞ) স্থানান্তর সংক্রান্ত এলসির বিবরণ ঃ -

(১) মূল্য .....................

(২) জাহাজীকরণের সময়সীমা ঃ .......................

(৩) এলসির মেয়াদ ঃ ...................

ট) চুক্তি অনুযায়ী যে সময়ের মধ্যে স্থানান্তরের কার্যক্রম সম্পন্ন করতে হবে ঃ

ঠ) ক্রেতার ইউডি অনুযায়ী জাহাজী করণের সময়সীমা ঃ

ড) ক্রেতা প্রতিষ্ঠানের মাষ্টার এলসি নম্বর, তারিখ ও মেয়াদ ঃ

ড) সকল দলিলাদির ফটোকপি লিয়েন ব্যাংক/যথাযথ কর্তৃপক্ষকর্তৃক সত্যয়ন করে দাখিল করা হয়েছে কি-না ঃ

ঢ) দাখিলকৃত দলিলাদি যাচাই বাছাই করে সঠিক পাওয়া গেছে কি-না ঃ

**প্রস্তাব ঃ**

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের আলোকে এবং দাখিলকৃত দলিলাদি যাচাই বাছাই করে সঠিক পাওয়ায় নিম্মোক্ত শর্তে দি কাস্টমস্ এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৯/১০০ মোতাবেক উপরে উল্লোখিত কাঁচামালের স্থায়ী স্থানান্তর সদয় অনুমোদন করা যেতে পারে ঃ

শর্ত-১। বন্ড অফিসার এর তত্ত্বাবধানে স্থানান্তর সম্পন্ন করতে হবে।

শর্ত-২। স্থানান্তর শেষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উভয় প্রতিষ্ঠানের পাস বই এ প্রয়োজনীয় সমন্বয় (সংযোজন/বিয়োজন) করতে হবে এবং স্থানান্তর শেষে এর কপি এই দপ্তরে দাখিল করতে হবে।

শর্ত-৩। স্থানান্তরকালে সংশ্লিষ্ট কাঁচামালের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব বিক্রেতা প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে বহন করতে হবে।

শর্ত-৪। স্থানান্তর কালীন মূল্য কোন ভাবেই আমদানি মূল্য অপেক্ষা কম হবে না।

শর্ত-৫। স্থানান্তর শেষে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিষয়টি লিখিত ভাবে এই দপ্তরকে অবহিত করবেন।

(IV) **কারখানা স্থানান্তরের অনুমোদন ঃ**

ব্যবসায়িক সুবিধার্থে শতভাগ রপ্তানিমুখী পোষাক শিল্পের প্রাঙ্গন অনেক সময়ে এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তর করতে হয়। এক্ষেত্রে একটি বিষয় স্মরণ রাখতে হবে যে যায়গায় কারখানা স্থানান্তরিত হবে সেটি ভাড়া যায়গা হলে জানতে হবে উক্ত যায়গায় ইতোপূর্বে কোন বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠান ছিল কি-না। যদি থেকে থাকে তবে তার বিরুদ্ধে কোন দাবীনামা আছে কিনা। কারণ, এরূপ জায়গায় নতুন বন্ড লাইসেন্স এর অনুমোদন দেওয়া হয় না বা বিদ্যমান বন্ড লাইসেন্সধারী কারখানা স্থানান্তরের অনুমতিও দেওয়া হয়না।

কারখানা স্থানান্তরের ক্ষেত্রে প্রথমে সাময়িক অনুমোদন দেওয়া হয়। এক্ষেত্রে দ্রুত সেবা প্রদানের জন্য কাস্টমস বন্ড কমিশনারেট থেকে একটি ফরম প্রণয়ন করা হয়েছে। যার 'গ' তে উল্লিখিত দলিলাদি আবেদনকারী কর্তৃক সরবরাহ করা হলে প্রথমে সাময়িক স্থানান্তরের অনুমতি দেওয়া হবে।

**কারখানা স্থানান্তরের সাময়িক অনুমোদন সংক্রান্ত তথ্য উপস্থাপন ও অনুমোদন ফরম**

ক) **বিষয়** ঃ কারখানার স্থানান্তরের সাময়িক অনুমোদন

খ) **আবেদন** ঃ প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এ সংক্রান্ত আবেদন পত্র পাতা ................................ তে রক্ষিত আছে।

গ) **দাখিলকৃত দলিলাদি ঃ**

(১) লে-আউট প্ল্যান (পাতা নং - ....................);

(২) নতুন ঠিকানা উল্লেখপূর্বক সংশোধিত ট্রেড লাইসেন্স (পাতা নং - ....................);

(৩) বিনিয়োগ বোর্ডের অনুমোদনপত্র (পাতা নং - ....................);

(৪) বাড়ী ভাড়া চুক্তিনামা (ভাড়া বাড়ীর ক্ষেত্রে) বা নিজস্ব ভবনে হলে জমির ক্রয় সংক্রান্ত দলিলাদি (পাতা নং - ....................);

(৫) সমিতির সুপারিশ পত্র (বিজিএমইএ/বিকেএমইএ/বিসিসিএমইএ ইত্যাদি) (পাতা নং - ....................);

(৬) লিয়েন ব্যাংকের অনাপত্তি পত্র (পাতা নং - ....................);

ঘ) **প্রতিষ্ঠানের তথ্যাদি ঃ**

(১) প্রতিষ্ঠানের নাম ঃ

(২) প্রতিষ্ঠানের প্রকৃতি/ধরণ (ওভেন/নীট/সুয়েটার/কম্পোজিট/প্রচ্ছন্ন রপ্তানিকারক/অন্যান্য) ঃ

(৩) বন্ড লাইসেন্স নম্বর ও তারিখ ঃ

(৪) বন্ড লাইসেন্স নবায়নের মেয়াদ ঃ

(৫) মূসক নিবন্ধন নম্বর ও তারিখ ঃ

(৬) জেনারেল বন্ডের মেয়াদ ঃ

(৭) নিরীক্ষা সম্পাদনের মেয়াদ (নিরীক্ষা শাখার মতামত) ঃ

(৮) দাবীনামা/সরকারী পাওনার পরিমাণ (আইন শাখার মতামত) ঃ

(৯) অনিয়ম মামলা/রীট মামলা/মাননীয় আপিলাত ট্রাইবুনালে/বা অন্য কোথাও মামলা আছে কি-না বা কোন কারণ দর্শাও নোটিশ আছে কি-না, থাকলে তার বিবরণ ঃ

(১০) প্রতিষ্ঠানের বর্তমান কার্যক্রম (চালু/বন্ধ/স্থগিত/অস্তিত্বহীন/২০২ ধারা জারী) ঃ

(১১) লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

(১২) মালিকানার কোনরূপ অননুমোদিত পরিবর্তন আছে কি- না ঃ

ঙ) **স্থানান্তরের সংক্ষিপ্ত তথ্যাদি ঃ**

| বিষয় | কারখানার বর্তমান ঠিকানার তথ্য | কারখানার প্রস্তাবিত ঠিকানার তথ্য |
|---|---|---|
| কারখানার ঠিকানা (ফ্লোর উল্লেখসহ) | | |
| অফিসের ঠিকানা | | |
| ইন্টু বন্ড গুদামের সংখ্যা, পরিমাপ ও আয়তন | | |
| এক্স বন্ড গুদামের আয়তন | | |

চ) কারখানার প্রস্তাবিত ঠিকানা প্রতিষ্ঠানের পরিচালকগণের নিজ নামে/ভাড়া বাড়ীতে ঃ

ছ) ভাড়া বাড়ীর ক্ষেত্রে বাড়ীভাড়া চুক্তির মেয়াদ ঃ

জ) ভাড়া বাড়ীর ক্ষেত্রে বাড়ী ভাড়া চুক্তিনামায় প্রতিষ্ঠান কর্তৃপক্ষের পক্ষে স্বাক্ষরকারীর নাম, পদবী ও ঠিকানা ঃ

ঝ) লে-আউট প্ল্যান রেজিষ্টার্ড ইঞ্জিনিয়ার কর্তৃক স্বাক্ষরিত কিনা এবং তাতে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক - এর স্বাক্ষর আছে কি-না ঃ

ঞ) (১) উক্ত স্থানে ইতোপূর্বে কোন বন্ড ছিল কি-না (এই বিষয়ে বন্ড অফিসার সরেজমিনে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এবং কম্পিউটার শাখা থেকে তথ্য নেবেন) ঃ

(২) যদি থাকে তবে তা এই দপ্তরেরর অনুমোদন নিয়ে স্থানান্তর করেছে কি-না ঃ

ট) সরেজমিন পরিদর্শনের তারিখ ঃ

ঠ) সরেজমিনে তদন্তকালে লে- আউট প্লানের সঙ্গে প্রস্তাবিত কারখানা অঙ্গনের মিল পাওয়া গেছে কি-না ঃ

ড) লে-আউট প্ল্যানে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা এবং সহকারী রাজস্ব কর্মকর্তা প্রতি স্বাক্ষর করেছেন কি-না ঃ

ঢ) সকল দলিলাদির ফটোকপি লিয়েন ব্যাংক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়ন করে দাখিল করা হয়েছে কি-না ঃ

প্রস্তাব ঃ

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের আলোকে এবং দাখিলকৃত দলিলাদির যাচাই বাছাই করে সঠিক পাওয়ায় নিম্মোক্ত শর্তে কারখানার স্থানান্তরের সাময়িক অনুমোদন দেয়া যেতে পারে ঃ

শর্ত -১। বন্ড অফিসার এর তত্ত্বাবধানে স্থানান্তর সম্পাদন করতে হবে।

শর্ত-২। স্থানান্তরের সাময়িক অনুমোদন পত্র জারীর ৪৫ দিনের মধ্যে কারখানা স্থানান্তর সম্পন্ন করে সমূদয় দলিলাদিতে ঠিকানা সংশোধন পূর্বক এই দপ্তরে দাখিল করে চূড়ান্ত অনুমোদন নিতে হবে।

শর্ত-৩। স্থানান্তর কালে মেশিনারীজ, কাঁচামাল বা উৎপাদিত পণ্যের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তার দায়দায়িত্ব বন্ডার বহন করতে বাধ্য থাকবেন।

শর্ত-৪। উপরোক্ত সকল/যে কোন একটি শর্ত পালনে ব্যর্থ হলে স্থানান্তরের সাময়িক অনুমোদন বাতিল করা হবে এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সাময়িক স্থানান্তর অনুমোদন প্রাপ্তির পরবর্তী ০২ (দুই) মাসের মধ্যে কারখানা চুড়ান্ত স্থানান্তর পূর্বক নিম্মোক্ত দলিলাদিসহ আবেদন করা হলে চুড়ান্ত স্থানান্তরের অনুমোদন দেওয়া হয়।

ক) নতুন ঠিকানা সম্বলিত ভ্যাট রেজিষ্টেশনের কপি

খ) নতুন ঠিকানা সম্বলিত আইআরসি ও ইআরসি এর কপি

গ) নতুন ঠিকানা সম্বলিত আয়কর সনদপত্রের কপি ;

ঘ) বিনিয়োগ বোর্ডের সংশোধিত নিবন্ধন পত্রের কপি ;

ঙ) নতুন ঠিকানায় ফায়ার লাইসেন্সের কপি ; এবং

চ) নতুন ঠিকানায় বিদ্যুৎ অথবা জেনারেটর সংযোগ সংক্রান্ত প্রত্যয়নপত্র

উল্লিখিত দলিলাদি দাখিলের পর বন্ড অফিসার প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন দিবেন। প্রতিবেদনে দলিলাদি এবং স্থাপনা যথাযথ থাকলে তদন্ত করে সঠিক পাওয়া গেলে চুড়ান্ত অনুমোদন দেয়া হবে।

## (V) মালিকানা পরিবর্তন ঃ

শতভাগ রপ্তানিমুখী পোষাক শিল্প প্রতিষ্ঠান সমূহ অবশ্যই মালিকানা পরিবর্তন হলে কাস্টমস বন্ড কমিশনারেট থেকে তা অনুমোদন করিয়ে নিবেন। মালিকানা পরিবর্তনের পূর্ব শর্ত হলো অবশ্যই বন্ড লাইসেন্সটি হালনাগাদ নিরীক্ষিত থাকতে হবে এবং কোন দায়-দেনা থাকতে পারবে না। মালিকানা নিয়ে কোন মামলা থাকতে পারবে না।

কাস্টমস বন্ড কমিশনারেট এ সংক্রান্ত সেবা দ্রুততার সাথে দেওয়ার জন্য একটি ফরমেট প্রণয়ন করেছে। উক্ত ফরমেটের ‘গ’ তে উল্লেখিত দলিলাদি মালিকানা পরিবর্তনের আবেদনের সাথে দাখিল করতে হবে। অতঃপর বন্ড কমিশনারেট পরীক্ষান্তে মালিকানা পরিবর্তনের আবেদন অনুমোদন করবে।

### মালিকানা পরিবর্তন সংক্রন্ত ফরমেট

ক) **বিষয়** ঃ মালিকানার পরিবর্তন অনুমোদন।

খ) **আবেদন** ঃ প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এ সংক্রান্ত আবেদন পত্র পাতা ------------- তে রক্ষিত আছে।

গ) দাখিলকৃত দলিলাদি ঃ

| | |
|---|---|
| (১) জয়েন্ট ষ্টক কোম্পানীর ফরম- ১২ এর সত্যায়িত কপি | (পাতা নং - |
| (২) জয়েন্ট ষ্টক কোম্পানীর ফরম- ১১৭ (শেয়ার হস্তান্তর ফরম) | (পাতা নং- |
| (৩) নতুন পরিচালকবৃন্দের হালনাগাদ সম্পদ বিবরণী (আইটি ১০ বি) | (পাতা নং - |
| (৪) নতুন পরিচালকদের জাতীয়তা সনদের/পাসপোর্টের সত্যায়িত কপি | (পাতা নং - |
| (৫) বিনিয়োগ বোর্ডের অনুমোদনপত্র | (পাতা নং - |
| (৬) লিয়েন ব্যাংকের অনাপত্তি পত্র | (পাতা নং - |
| (৭) সমিতির সুপারিশ | (পাতা নং - |
| (৮) সংশোধিত মেমোরেন্ডাম অব আর্টিক্যালস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি | (পাতা নং - |

(৯) পূর্বের মালিকানার সময়ের দায়দেনা পরবর্তীতে উদ্ভব হলে তা বহনের জন্য নতুন/ বর্তমান পরিচালকগণের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রদত্ত অঙ্গীকার নামা (পাতা নং -

(১০) নতুন/বর্তমান পরিচালকগণের ছবি ও নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রদত্ত নমূনা স্বাক্ষর যা লিয়েন ব্যাংক এবং নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত (পাতা নং -

(১১) সংশোধিত বাড়ীভাড়া চুক্তিনাম (ব্যবস্থাপনা পরিচালকের পরিবর্তনের ক্ষেত্রে) (পাতা নং -

(১২) সাকসেসন সার্টিফিকেট (মৃত্যু জনিত ক্ষেত্রে) (পাতা নং -

(১৩) মালিকানা বিষয়ে কোথাও কোন মামলা আছে কিনা এ বিষয়ে ঘোষণা) (পাতা নং -

ঘ) উপরে উল্লোখিত দলিলাদির ফটোকপি সত্যায়ন পূর্বক দাখিল করা হয়েছে কি- না ঃ

ঙ) **প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্যাদি ঃ**

১) প্রতিষ্ঠানের নাম ঃ

২) প্রতিষ্ঠানের প্রকৃতি/ধরণ (ওভেন/নীট/সুয়েটার/ কম্পোজিট/প্রচ্ছন্ন রপ্তানিকারক/অন্যান্য) ঃ

৩) বন্ড লাইসেন্স নম্বর ও তারিখ ঃ

৪) বন্ড লাইসেন্স নবায়নের মেয়াদ ঃ

৫) মূসক নিবন্ধন নম্বর ও তারিখ ঃ

৬) জেনারেল বন্ডের মেয়াদ ঃ

৭) নিরীক্ষা সম্পাদনের মেয়াদ (নিরীক্ষা শাখার মতামত) ঃ

৮) দাবীনামা/সরকারী পাওনার পরিমাণ (আইন শাখার মতামত) ঃ

৯) অনিয়ম মামলা/রীট মামলা/মাননীয় আপিলাত ট্রাইবুনালে/বা অন্য কোথাও মামলা আছে কি-না বা কোন কারণ দর্শাও নোটিশ আছে কি-না, থাকলে তার বিবরণ ঃ

১০) প্রতিষ্ঠানের বর্তমান কার্যক্রম (চালু/বন্ধ/স্থগিত/অস্থিত্বহীন/২০২ ধারা জারী) ঃ

১১) লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

১২) লিয়েন ব্যাংকের অনাপত্তি পত্র ঃ

চ) পূর্বের এবং নুতন পরিচালকগণের নাম ঃ

| ক্রঃ নং | পূর্বের অনুমোদিত পরিচালকগণের বিবরণ | | | নতুন/প্রস্তাবিত পরিচালকগণের বিবরণ | | |
|---|---|---|---|---|---|---|
| | নাম, পিতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা | পদবী | শেয়ার সংখ্যা | নাম, পিতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা | পদবী | শেয়ার সংখ্যা |
| | | | | | | |

ছ) জয়েন্ট ষ্টক কোম্পানী কর্তৃক কবে মালিকানার পরিবর্তন অনুমোদিত হয়েছে ঃ

জ) জয়েন্ট ষ্টক কোম্পানী হতে সরেজমিনে ফরম -১২, ফরম-১১৭ ও মেমোরেন্ডাম অব আর্টিক্যাল অব এসোসিয়েশন যাচাই করা হয়েছে কি-না ঃ

ঝ) বিনিয়োগ বোর্ডের অনুমোদন সরেজমিনে যাচাই করা হয়েছে কি-না ঃ

ঞ) দাখিলকৃত সমূদয় দলিলাদিতে উল্লেখিত তথ্যাদি সামঞ্জস্যপুর্ণ কি-না ও যাচাই করা হয়েছে কি-না ঃ

ট) নতুন পরিচালকগণ কর্তৃক ১,০০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ০৩/০২/০১ কোটি টাকার (প্রযোজ্য ক্ষেত্রে) জেনারেল বন্ড।

ঠ) বিনানুমতিতে মালিকানা পরিবর্তনের কারণে ইতোপূর্বে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে কি-না ঃ

ড) ব্যবস্থাপনা পরিচালক পরিবর্তনের ক্ষেত্রে নতুন পরিচালকদের অনুকূলে বাড়ীভাড়া চুক্তি নামা সম্পাদন পূর্বক দাখিল করা হয়েছে কি-না ঃ

ঢ) মতামত/প্রস্তাব ঃ

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের আলোকে এবং এ সংক্রান্ত দাখিলকৃত দলিলাদি যাচাই বাছাই করে তথ্যাদি সঠিক পাওয়ায় মালিকানার পরিবর্তন সদয় অনুমোদন করা যেতে পারে।

## (VI) জেনারেল বন্ড সম্পাদন ঃ

প্রত্যেক শতভাগ রপ্তানিমুখী পোষাক শিল্প প্রতিষ্ঠান/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক ০৩ (তিন) কোটি টাকার ০৩ (তিন) বছর মেয়াদী জেনারেল বন্ড সম্পাদন করতে হয়। ১০০০/- (এক হাজার) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে পরিচালকগণ স্বাক্ষরপূর্বক জেনারেল বন্ড সম্পাদন করবেন এবং তা সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত হতে হবে। বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে লিয়েন ব্যাংক খুবই গুরুত্বপুর্ণ। কারণ লিয়েন ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের মাধ্যমে আমদানি রপ্তানি কার্যক্রম আইন সিদ্ধ নয়। অন্যদিকে পোষাক শিল্প প্রতিষ্ঠানটি ৫ ০৩ (তিন) কোটি টাকার জেনারেল বন্ড সম্পাদনে সক্ষম এটিও লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িত হতে হয়। মূলতঃ লাইসেন্স প্রাপ্তির পর লাইসেন্সী শুল্ক কর পরিশোধ ব্যতিরেকে কাঁচামাল আমদানি, গুদামজাতকরণ, ব্যবহার ও রপ্তানি করতে পারেন এ জেনারেল বন্ড সম্পাদনের মাধ্যমেই।

কাস্টমস বন্ড কমিশনারেট নিম্নবর্ণিত শর্তাদি পূরণ হওয়া সাপেক্ষে জেনারেল বন্ড ইস্যু করে থাকেন ঃ

ক) যে সকল প্রতিষ্ঠানের অডিট (Audit) কার্যক্রম হালনাগাদ আছে।

খ) অডিট (Audit) সংক্রান্ত সমুদয় দলিলাদি জমা প্রদান করা হয়েছে। কিন্তু লোকবলের স্বল্পতার কারণে শুল্ক কর্তৃপক্ষ অডিট (Audit) কাজ সম্পন্ন করতে পারেননি। অর্থাৎ সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের কোন অসহযোগিতা ছিল না এরূপ ক্ষেত্রে অডিট দুবছর বাকী থাকলে।

গ) গত তিন বছরের মধ্যে দু বছর অডিট (Audit) সম্পন্ন রয়েছে, কিন্তু অডিট (Audit) এর জন্য তৃতীয় বছরের সকল আনুষঙ্গিক দলিলাদি জমা দেয়া হয়নি।

ঘ) যে সকল প্রতিষ্ঠানের অডিট (Audit) দুই বছরের অধিক সময়ের জন্য অনিষ্পন্ন রয়েছে এবং সমুদয় দলিলাদি জমা দেয়া হয়নি সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে ০৩ (তিন) মাস সময়ের জন্য সাধারণ বন্ড সম্পাদন করা যাবে। অডিট এর জন্য সমূদয় দলিলাদি উক্ত ০৩ (তিন) মাসের মধ্যে জমা দেয়া না হলে উক্তরূপ সীমিত সময়ের জন্য সম্পাদিত সাধারণ বন্ড বাতিল করা হবে। উক্ত সময়ের মধ্যে গ্রহণযোগ্য কারণে নিরীক্ষা সম্পন্ন না হলে আরও ২১ (একুশ) দিনের জন্য সাময়িক জেনারেল বন্ড দেয়া হবে

## (VII) নতুন ফরমেটে বন্ড লাইসেন্স জারীকরণ ঃ

নিম্নের তথ্যাদিসহ আবেদন করা হলে নতুন ফরমেটে বন্ড লাইসেন্স জারী করা হয়।

ক) যথাযথ মূল্যমানের স্ট্যাম্পযুক্ত ডাটা বেইজ ফরম পুরণ পূর্বক আবেদন পত্র

খ) পুরাতন বন্ড লাইসেন্সের মূল কপি

গ) হালনাগাদ বাড়ী ভাড়া চুক্তি পত্র বা মালিকানা দলিলের ফটোকপি

ঘ) মূসক নিবন্ধন পত্রের ফটোকপি

ঙ) হালনাগাদ (Bangladesh Customs Tariff Heading অনুযায়ী কাঁচামাল ও আনুষঙ্গিক দ্রব্যাদির বিবরণ ও এইচ এস কোড।

## (VIII) আমদানি পণ্য খালাসের অনাপত্তিপত্র (জেনারেল বন্ডের মেয়াদ না থাকলে) ঃ

নিম্নের শর্তাদি পূরণ করা হলে কমিশনার কর্তৃক অনাপত্তি পত্র ইস্যু করা হয়

ক) আমদানিকৃত পণ্য খালাসের লক্ষ্যে অনাপত্তিপত্রের প্রয়োজনীয়তা/কারণ উল্লেখপূর্বক বিভাগীয় কর্মকর্তা বরাবর নির্ধারিত কোর্ট ফিসহ আবেদন ;

খ) লিয়েন ব্যাংক প্রত্যায়িত আমদানি এলসি, ব্যাক টু ব্যাক এলসির কপি ; এবং

গ) ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক চালান এবং ইউডির কপি।

## (IX) ওভেন ও নীট কাপড় দ্বারা সেট তৈরী ঃ

ওভেন/নীট/সুয়েটার প্রস্তুতকারক কর্তৃক আংশিক নীট/আংশিক ওভেন/আংশিক সুয়েটার এর পোশাক সংযুক্তিপূর্বক সেট তৈরী করে রপ্তানির ক্ষেত্রে নিম্ন বর্ণিত দলিলসহ সহকারী/ডেপুটি কমিশনার বরাবর আবেদন করতে হবে।

ক) বিজিএমইএ/বিকেএমইএ কর্তৃক এ বিষয়ে ইস্যুকৃত ইউডি এর কপি

খ) সাব-কন্ট্রাক্টক্ট এর দলিল অথবা চুক্তিনামা

গ) ক্ষেত্র বিশেষে ঋণপত্রের কপি

ঘ) প্রোফরমা ইনভয়েস (পিআই) অথবা ইনভয়েস ; এবং

ঙ) প্রদত্ত সুবিধার যথাযথ ব্যবহার প্রতিষ্ঠিত করতে না পারলে যাবতীয় আইনগত দায়-দায়িত্ব পালনে বাধ্য থাকবে মর্মে যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অংগীকারনামা প্রদান।

(X) **বন্ড সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর ঃ**

নিম্নের দলিাদিসহ আবেদন করা হলে পরীক্ষান্তে দ্রুত অনুমোদন করা হয়।

ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা পর্যদের বোর্ড মিটিং এর সিদ্ধান্তের কপি

খ) যথাযথ মূল্যমানের স্ট্যাম্পে স্বাক্ষরসহ আবেদন এবং প্রত্যয়ন।

(XI) **ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণ ঃ**

অনেক ক্ষেত্রে সেবা নেওয়ার পূর্ব শর্ত ব্যাংক গ্যারান্টি থাকলে ব্যাংক গ্যারান্টি সম্পাদনপূর্বক সেবা গ্রহণ করতে হয়। পরবর্তীতে উক্ত ব্যাংক গ্যারান্টি ফেরত পেতে হলে আবেদনের সাথে নিম্নের দলিলাদিদাখিল করতে হবে।

ক) বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিষ্ট, বি/এল/এয়ারওয়ে বিল/ট্রাক চালানের কপি ;

খ) পাশ বইয়ের কপি (রপ্তানির অংশ)

গ) পিআরসি (এডি ব্যাংক কর্তৃক সত্যায়িত) ;

ঘ) ইজিএম (প্রযোজ্য ক্ষেত্রে কাস্টমস বন্ড কমিশনারেট সংগ্রহ করে নিবে)।

(XII) **অফিসের ঠিকানা পরিবর্তন ঃ**

নিম্নের দলিলাদিসহ আবেদন করা হলে অতিদ্রুত পরীক্ষান্তে অনুমোদন দেওয়া হয়

ক) সংশ্লিষ্ট সমিতির সুপারিশ

খ) বাড়ী ভাড়ার চুক্তিপত্র অথবা নিজস্ব হলে ভবনের মালিকানার দলিল।

(XIII) **লিয়েন ব্যাংক সংযোজন ও পরিবর্তন ঃ**

নিম্নের দলিলাদিসহ আবেদন করতে হবে।

ক) বিদ্যমান লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র

খ) নতুন সংযোজিতব্য লিয়েন ব্যাংকের সিআইবি এর উদ্ধৃতিসহ অনাপত্তিপত্র

তবে দু'টির বেশী লিয়েনব্যাংক অর্ন্তভুক্ত করতে হলে জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনের প্রয়োজন হবে।

(XIV) **বিদ্যমান বন্ড সুবিধার Continuation বা Extension**

১) একই মালিকানাধীন একই প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে।

২) একই বন্ড লাইসেন্স এর আওতায় সর্ব্বোচ্চ দু'টি স্থানে অবস্থিত চলমান ০২ টি ফ্যাক্টরীর জন্য এ সুবিধা প্রযোজ্য হবে।

৩) নতুন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে যে ধরণের সতর্কতা বা যাচাইমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় এক্ষেত্রেও অনুরূপ পদ্ধতি অনুসরণপূর্বক কমিশনার (বন্ড) সন্তুষ্ট হলে তিনি এ ধরণের Continuous Bond এর অনুমতি প্রদান করতে পাররেন।

৪) নীট, ওভেন, ডাইং ও প্রিন্টিং, টাওয়েল, লিলেন, হোম টেক্সটাইল খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে।

৫) এ সুবিধা বন্ড কমিশনারেট এর আওতায় মূল প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ৬০ কিলোমিটার Radious এর মধ্যে যে সকল এলাকায় বিজিএমইএ, বিকেএমইএ, বিটিটিএলএমইএ, বিটিএমএ ভুক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম চালু রয়েছে শুধু সেসব এলাকায় Continuous বন্ড সুবিধা প্রদান করা যাবে।

৬) Continuation/Extension বন্ড সুবিধা প্রাপ্ত ফ্যক্টরীটি মূল বন্ড লাইসেন্স এর আওতাধীন হলেও সম্পুর্ণ পৃথক পৃথক প্রতিষ্ঠান/ফ্যাক্টরীতে যেভাবে পৃথক হিসাব খাতা/রেজিষ্টার, দলিলাদি সংরক্ষণ, আনুষ্ঠানিকভাবে সম্পন্ন ও পদ্ধতি অনুসরণ করতে হয় Continuous Bond এর আওতাধীন প্রতিষ্ঠান সমূহের ক্ষেত্রেও তা একইভাবে আলাদা আলাদাভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রতিপালনীয় হবে।

(XV) শতভাগ রপ্তানিমুখী পোষাক শিল্পের জন্য ঋণপত্র ব্যতিরেকে আমদানিকৃত ০৪ (চার) মাসের প্রয়োজনীয় কাঁচামাল বন্ডের আওতায় খালাস (জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ৩(১)শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০১/৭০২(১), তারিখ- ১৩/১২/০৩ মোতাবেক)

০১। ক) পূর্ববর্তী বছরের আমদানি ও রপ্তানির পারফরমেন্সের ভিত্তিতে ০৪ (চার) মাসের প্রয়োজনীয় কাঁচামালের বিবরণ ও পরিমাণ সম্বলিত বিবরণী স্ব-স্ব লিয়েন ব্যাংক হতে সংগ্রহপূর্বক বিজিএমইএ এর নিকট দাখিল করতে হবে;
খ) দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে বিজিএমইএ প্রাপ্যতা তালিকা (১ম, ২য় ও ৩য় কপি) জারী করবে এবং লিয়েন ব্যাংকের বিবরণী সত্যায়িত করে উক্ত প্রাপ্যতা তালিকার ২য় কপি বন্ড কমিশনারেটের নিকট দাখিল করতে হবে।
গ) সংশ্লিষ্ট পণ্য ছাড়করণের ক্ষেত্রে তালিকার মূল কপি সংশ্লিষ্ট শুল্ক ভবনে উপস্থাপন করতে হবে। ইউডি নং ও তারিখসহ আমদানি এবং খালাস সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পাশ বইয়ে লিপিবদ্ধ করে পণ্যচালান খালাস প্রদান করতে হবে। এরূপ খালাসকৃত পণ্য চালানের তথ্য সাথে সাথেই বন্ড নিয়ন্ত্রনকারী কমিশনারেটকে অবহিত করতে হবে। তা ছাড়া, শুল্ক ভবন/স্টেশন মূল প্রাপ্যতা-তালিকার অপর পৃষ্ঠায় সমুদয় আমদানি তথ্য লিপিবদ্ধ করে স্বাক্ষর ও সীল দিয়ে দেবে। প্রাপ্যতা তালিকার বিষয়ে কোনরূপ সন্দেহ দেখা দিলে বন্ড কমিশনারেট হতে যাচাই করিয়ে নিতে হবে।
ঘ) কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে রিভলভিং পদ্ধতিতে কাঁচামাল আমদানি করার প্রয়োজনীয়তা দেখা দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রাপ্যতা তালিকার অধীনে আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পোষাক রপ্তানি হয়েছে মর্মে লিয়েন ব্যাংকের নিকট থেকে প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক বিজিএমইএ এর নিকট দাখিল করতে হবে। উক্তরূপ প্রত্যয়ন পত্রের ভিত্তিতে বিজিএমইএ প্রযোজ্য পরিমাণ কাঁচামাল চলতি বছরের অবশিষ্ট প্রাপ্যতার সংগে যোগ করে চূড়ান্ত অবশিষ্ট প্রাপ্যতা নির্ধারণ করে দেবে। উক্তরূপ নিরূপিত চূড়ান্ত অবশিষ্ট প্রাপ্যতা উপ-অনুচ্ছেদ ১(খ) এ বর্ণিত পদ্ধতিতে নতুনভাবে জারী করতে হবে। সেক্ষেত্রে রিভলভিং পদ্ধতিতে নিরূপিত চূড়ান্ত অবশিষ্ট প্রাপ্যতা শব্দগুলো উক্ত তালিকার উপরিভাগে বোল্ড অক্ষরে লিপিবদ্ধ করে দিতে হবে।

০২। উপরে বর্ণিত পদ্ধতিতে পণ্য আমদানির ক্ষেত্রে কাস্টমস বন্ড কমিশনারেট এর কোন পূর্বানুমতির প্রয়োজন হবে না। যে শুল্ক ভবন/স্টেশনের মাধ্যমে পণ্য চালান আমদানি হবে সে শুল্ক ভবন/স্টেশনের সংশ্লিষ্ট কমিশনার অথবা তাঁর মনোনীত কর্মকর্তা পণ্য-চালান খালাসের অনুমতি প্রদান করবেন।

‘সংলাগ-ক’

Bangladesh Garments Manufacturers & Exporters Association (BGMEA)

প্রাপ্যতা তালিকা নং - তারিখ ঃ

০১. প্রতিষ্ঠানের নাম ঃ
০২. ঠিকানা ঃ
০৩. মূসক নিবন্ধন নং ঃ
০৪. বন্ড লাইসেন্স নং ঃ
০৫। লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা ঃ
(১)
(২)
০৬. লিয়েন ব্যাংকের বিবরণী ঃ
(১) নং- .................. তারিখ ঃ ....................... (সংযুক্ত)
(২) নং- .................. তারিখ ঃ ....................... (সংযুক্ত)
০৭. ০৪ (চার) মাসের প্রয়োজনীয় কাঁচামালের বিবরণ ও পরিমাণ ঃ

| ক্রঃ নং | কাঁচামালের বিবরণ | পরিমাণ (অংক) | পরিমাণ (কথায়) |
|---|---|---|---|
| | | | |

সচিব/অতিঃ সচিব/উপ-সচিব
বিজিএমইএ

আমদানি তথ্য
(শুল্ক ভবন/স্টেশন কর্তৃক উপ-অনুচ্ছেদ ১(গ) অনুযায়ী পূরণযোগ্য)

| ক্রঃ নং | কাঁচামালের বিবরণ | পরিমাণ | বি/ই নং ও তারিখ | শুল্কায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল |
|---|---|---|---|---|
| | | | | |

## (XVI) বন্ডেড শিল্প প্রতিষ্ঠানে রক্ষিত ক্ষতিগ্রস্থ বা ধ্বংসপ্রাপ্ত কাঁচামালের শুল্ক কর মওকুফের বিষয়ে করণীয় ঃ

ক) দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৮৬ এর অধীনে বন্ডেড ওয়্যার হাউসে রক্ষিত কোন পণ্য অথবা কাঁচামাল কোন দুর্ঘটনা, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে বা যুক্তিসংগত কারণ বশতঃ ক্ষতিগ্রস্থ অথবা ধ্বংসপ্রাপ্ত হলে ঘটনা সংঘটন পরবর্তী দুই কর্মদিবসের মধ্যে সংশিøষ্ট বন্ডদাতা শুল্ক কমিশনার (বন্ড) বরাবর ফরম "ক" এ একটি ঘোষনাপত্র প্রদান করবেন। ক্ষতিগ্রস্থ বা ধ্বংসপ্রাপ্ত পণ্যের পরিমাণ নিরূপন না হওয়া পর্যন্ত ওয়্যার হাউস হতে কোন কাঁচামাল অপসারণ কিংবা ওয়্যার হাউসে কোন পণ্য প্রবেশ করানো যাবেনা।

খ) সংশ্লিষ্ট বন্ড দাতার নিকট হতে ফরম "ক"এ ঘোষনাপত্র পাওয়ার পর শুল্ক কমিশনার (বন্ড) ঘোষনাপত্রটি সংশ্লিষ্ট নথিতে উপস্থাপন করে উপঅনুচ্ছেদ "গ" এ উলেøখিত কমিটির নিকট ধ্বংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্থ পণ্য অথবা কাঁচামালের প্রকৃত পরিমাণ ও তার উপর প্রযোজ্য শুল্ক করাদি নির্ধারণপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য ঘোষনাপত্র ও অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি প্রেরণ করবেন

গ) ধ্বংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্থ পণ্য অথবা কাঁচামালের পরিমাণ এবং প্রযোজ্য শুল্ক কর নিরূপনের জন্য সংশিøষ্ট শুল্ক কমিশনার (বন্ড) নিম্মরূপঃ কমিটি গঠন করবেন। যথা ঃ

১) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা দলনেতা,
২) সংশ্লিষ্ট সার্কেল সুপারিনটেনডেন্ট সদস্য,
৩) সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা সদস্য,
৪) সংশ্লিষ্ট এসোসিয়েশনের একজন প্রতিনিধি সদস্য।

ঘ) ঘোষনাপত্র ও আনুসাঙ্গিক দলিলাদি পাওয়ার পর উপঅনুচ্ছেদ "গ"এ বর্ণিত কমিটি দুর্ঘটনার বিষয়টি সরেজমিনে তদন্ত করে ধ্বংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্থ পণ্য অথবা কাঁচামালের পরিমাণ এবং উক্ত পরিমাণ পণ্য অথবা কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক করাদির প্রকৃত পরিমাণ নির্ধারণ করে শুল্ক কমিশনার (বন্ড) এর নিকট ১৫(পনের) দিনের মধ্যে একটি চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনে পণ্য অথবা কাঁচামাল ক্ষতিগ্রস্থ হওয়ার কারণ, বিশেষজ্ঞ মতামত (প্রযোজ্য ক্ষেত্রে), ফায়ার সার্ভিস বিভাগের মতামত এবং বীমাকারী কর্তৃপক্ষের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সন্নিবেশিত থাকতে হবে।

ঙ) শুল্ক কমিশনার (বন্ড) কমিটির চূড়ান্ত প্রতিবেদন পাওয়ার পর প্রতিবেদনের সুপারিশ ও বীমাকারী কর্তৃপক্ষের Claim Settlement/Final Payment প্রদানের ভিত্তিতে শুল্ক করাদি মওকুফের আদেশ জারী করবেন।

## আবেদন ফরম {ফরম - ক}

বরাবর,
কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট।

জনাব

নিবেদন এই যে, আমি/আমরা এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, গত......... তারিখ- .......... ঘটিকায় .................... কারণে নিম্মে বর্ণিত পণ্য/কাঁচামাল, যাহা দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশান ৮৬ এর অধীনে বন্ড গুদামে গুদামজাত ছিল তাহা সম্পূর্ণ/আংশিক ক্ষতিগ্রস্থ/ধ্বংসপ্রাপ্ত হওয়ায় কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশান ১১৫ অনুযায়ী ধ্বংসপ্রাপ্ত/ক্ষতিগ্রস্থ পণ্য/কাঁচামালের শুল্ক করাদি মওকুফের জন্য ঘোষনা প্রদান করিতেছি।

০১। আবেদনকারী ঃ
ক) নাম ঃ
খ) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ
গ) বন্ড লাইসেন্স নম্বর ও তারিখ ঃ
ঘ) মূসক নিবন্ধন নম্বর ঃ
ঙ) টিআইএন নম্বর ঃ
চ) বীমার রশিদ নং ও তারিখ

০২। রপ্তানি এলসি (ব্যাংক কর্তৃক সত্যায়িত যদি সম্ভব হয়) নম্বর ও তারিখ

০৩। আমদানি এলসি সহ অন্যান্য দলিলাদি (কাস্টমস কর্তৃক সীল ও স্বাক্ষরিত এবং লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত) (যদি সম্ভব হয়) ঃ
ক) নম্বর ও তারিখ
খ) ইনভয়েস নং ও তারিখ
গ) বিএল, এওয়াওয়ে বিল, ডেলিভারী চালান নম্বর ও তারিখ
ঘ) বি/ই নম্বর ও তারিখ
ঙ) প্যাকিং লিষ্ট নম্বর ও তারিখ
চ) ইউডি নম্বর ও তারিখ

০৪। দূর্ঘটনার কারণ ঃ

০৫। দুর্ঘটনার বিষয়টি নিকটস্থ থানাকে অবহিত করলে তাহার জিডি নং ও তারিখ ঃ
০৬। ক্ষতিগ্রস্থ পণ্য/কাঁচামাল এর (যদি সম্ভব হয়) ঃ
ক) বিবরণ ঃ
খ) পরিমাণ ঃ
গ) আনুমানিক মূল্য ঃ

আমি আরও ঘোষণা করিতেছি যে, আবেদনে বর্ণিত তথ্যাদি ও দলিলাদি যদি পরবর্তীকালে ভুল/মিথ্যা প্রমাণিত হয়, তাহা হইলে শুল্ক কর্তৃপক্ষের আইনসম্মত যে কোন শাস্তিমূলক সিদ্ধান্ত মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর
আবেদনকারীর নাম
পদবী
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

(XVII)**কারখানা সম্প্রসারণ ঃ**

নিম্নোক্ত দলিলাদিসহ আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির পর পরীক্ষান্তে বন্ড কমিশনারেট দলিলাদি সঠিক পাওয়া সাপেক্ষে বিষয়টি অনুমোদন করে থাকেন।

ক) সার্টিফাইড ইঞ্জিনিয়ার প্রণীত সংশোধিত নীল নক্সা ;
খ) কারখানা ভবনের চুক্তিপত্র অথবা মালিকানা দলিলের কপি ;
গ) সমিতির সুপারিশ।

(XVIII)**ফেরতকৃত পোষাক পুনঃরপ্তানির শর্তে বন্ডে খালাস প্রদান প্রসংগে ঃ**

বিজিএমইএ এর পত্র নং- বিজিএ/কাস২০০৭/৮১৪৬, তারিখ- ১৯/০৫/০৭ এর আবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড পরীক্ষা ও পর্যালোচনান্তে পত্র নং- ২(২)শুল্ক রপ্তানি ও বন্ড/৯৬(অংশ-১)৩০৮, তারিখ- ০৫/০৬/০৭ এর মাধ্যমে দি কাস্টমস এ্যাক্স, ১৯৬৯ এর সেকশন- ২২ এর সাব-সেকশন(সি) এর ক্ষমতাবলে নিম্নবর্ণিত শর্তে ফেরৎকৃত পোষাক পুনঃরপ্তানির শর্তে বন্ডে খালাস প্রদানে সম্মতি জ্ঞাপন করেছে, যথা ঃ

শর্ত

ক) ফেরৎ আসা চালানের ক্ষেত্রে শুল্ক কর ব্যতিরেকে পণ্যে চালান বন্ডারের পাশ বইতে এন্ট্রি করতে হতে ;
খ) একজন শুল্ক কর্মকর্তাকে পণ্যে চালান স্কট (Escort) করে বন্ডারের বন্ডে প্রবেশে ব্যবস্থা করতে হবে ;
গ) যে বন্ডারের অতীত কার্যক্রম সন্তোষজনক নয় অর্থাৎ যে প্রতিষ্ঠানের শুল্ক-কর ফাঁকির অভিযোগ আছে কিংবা কোন গুরুতর প্রমাণিত অনিয়ম আছে সে প্রতিষ্ঠানের ক্ষেত্রে আলোচ্য সুবিধা প্রযোজ্য হবে না ;
ঘ) ফেরৎ আসা পণ্য চালানটির বিপরীতে বন্ডার ১৫০/- টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে অংগীকার প্রদান করবে যে, শুল্ক কর্তৃপক্ষ থেকে চালানা খালাসের ০৬ (ছয়) মাসের মধ্যে বন্ডার পণ্য রপ্তানি করবে। এর ব্যর্থতায় ছাড়কৃত চালানের বিপরীতে প্রযোজ্য শুল্ক করাদি তিনি পরিশোধ করিবেন। বন্ডার যদি অংগীনামা শর্ত প্রতিপালনে ব্যর্থ হন তাহলে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শুল্ক আইনের বিধান মোতাবেক শাস্তি মূলক ব্যবস্থা নেয়া হবে।

কাস্টমস বন্ড কমিশনারেট ও বিজিএমইএ পারস্পরিক অংশীদারিত্বের ভিত্তিতে দক্ষতার উন্নয়নে বিশ্বাসী। এ লক্ষ্যে বিজিএমইএ এর পক্ষ থেকে আঞ্চলিক কার্যালয়, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রামকে সার্বিক সহায়তা করায় বন্ড কমিশনারেট এর পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করছি। একটি বিষয় না বললেই নয় মাত্র **১১** (এগারো) জন সহকারী রাজস্ব কর্মকর্তা দিয়ে পোষাক শিল্পের ৬৮২ টি বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানসহ ৯৯১ টি বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠানকে সেবা দেওয়া খুবই অসম্ভব একটি বিষয়। এ অসম্ভবকে সম্ভব করা সম্ভব যদি বিজিএমইএ এর সম্মানিত সদস্যগন নির্দিষ্ট সেবা পেতে প্রয়োজনীয় সকল দলিলাদিসহ আবেদন করেন। আশাকরি এ লেখাটি সংশ্লিষ্টগণের চাহিদাপূরেণে কিছুটা সহায়ক হবে।

***